৪

আজকের কাগজ

তারিখ ... 08 MAY 1996
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪

পাঠ্যবই সংকট

# অবশেষে টনক নড়েছে শিক্ষা মন্ত্রণালয়ের

## সব প্রকাশক বই ছাপতে পারবে

কাগজ ডেস্ক ঃ সময়মতো শিক্ষার্থিদের হাতে বই তুলে দিতে ব্যর্থ শিক্ষা মন্ত্রণালয় এখন তোপের মুখে। অবশেষে মন্ত্রণালয় সিদ্ধান্ত নিয়েছে শিগগির সমস্ত প্রকাশককে বই মুদ্রণ ও বাজারজাতকরণের অনুমতি দেবে। বিশেষ করে ৬ষ্ঠ ও নবম শ্রেণীর বই। একটি সূত্র জানিয়েছে, প্রধান উপদেষ্টা মুহাম্মদ হাবিবুর রহমান গতকাল শিক্ষা সচিবের কাছে জানতে চান কেনো বই সংকট সৃষ্টি হলো। জবাবে শিক্ষা সচিব এএইচএম আব্দুল হাই প্রকাশকদের দায়ী করেছেন। তিনি বলেছেন, প্রকাশকরা সময়মতো বই প্রকাশ করার যে অঙ্গীকার করেছিলো তা তারা রক্ষা করেনি। ফলে বাজারে একটি কৃত্রিম সংকট সৃষ্টি হয়। ফলে শিক্ষার্থিরা বিশেষ করে ৬ষ্ঠ ও নবম শ্রেণীর ছাত্র-ছাত্রিদের অনেকেই এখনো বই হাতে পায়নি। অথচ ইতিমধ্যে শিক্ষাবর্ষের মূল্যবান ৪টি মাস পেরিয়ে গিয়েছে। প্রকাশকরা প্রতিশ্রুতি দিয়েছিলো এপ্রিলের প্রথম সপ্তাহের মধ্যেই তারা সমস্ত পাঠ্যপুস্তক ছাপার কাজ শেষ করবে। এখন পাঠ্যবই সংকট নিয়ে চলছে বিভিন্ন পক্ষের টাগ অব ওয়ার। শিক্ষা মন্ত্রণালয়, টেক্সট বুক বোর্ড, প্রকাশক এবং সাধারণ বই বিক্রেতারা এই সংকটের জন্যে একে অন্যকে দায়ী করছে।